

কলেজ ও মাধ্যমিক শিক্ষা
পেশার কর্মকর্তাদের
বৈষম্য দূর করুন

-সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ মতিউর রহমান ও সাধারণ সম্পাদক মোঃ শামসুল হক এক যুক্ত বিবৃতিতে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে কলেজ শিক্ষা পেশা ও মাধ্যমিক শিক্ষা পেশার কর্মকর্তাদের মধ্যকার বৈষম্যের অবসানকল্পে নিয়োগবিধির দ্রুত সংশোধনের জোর দাবী জানান। তারা বলেন, নিয়োগবিধির মাধ্যমে একদিকে যোগ্যতা, জ্যেষ্ঠতা ও মর্যাদার-সমতার ভিত্তিতে একজন কলেজ শিক্ষক পেশার কর্মকর্তার প্রশিক্ষণের বিভিন্ন পর্যায় এমনকি সচিব পর্যন্ত নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্র প্রসারিত। অন্যদিকে মাধ্যমিক শিক্ষা পেশার কর্মকর্তাদের নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্র মাত্র আঞ্চলিক উপ-পরিচালক পর্যন্ত সীমিত। এছাড়া টেক্সটবুক বোর্ড ৫টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর, প্রাথমিক ও গণশিক্ষা অধিদফতরসহ বিশাল প্রশাসনিক পদ তাদের জন্য উন্মুক্ত। কিন্তু মাধ্যমিক শিক্ষা পেশায় লোকদের সে সুযোগ নেই।